

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৬৪

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - পায়খানা-প্রস্রাবের আদব

আরবী

عَنْ حُذَيْفَةَ قَالَ: أَتَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سباطة قوم فَبَال قَائِما. . قيل: كَانَ ذَلِك لعذر

বাংলা

৩৬৪-[৩১] হুযায়ফাহ্ (রাঃ) হতে বর্ণিত হয়েছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন এক গোত্রের আবর্জনার স্থানে গেলেন এবং (সেখানে) দাঁড়িয়ে প্রস্রাব করলেন। (বুখারী ও মুসলিম)[1] বলা হয়ে থাকে যে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কোন ওয়রের কারণে এরূপ করেছেন।

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২২৪, মুসলিম ২৭৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দূরে গিয়ে পেশাব-পায়খানা করার যে অভ্যাস ছিল এখানে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তার বিপরীত করেছেন। এর কারণ সম্পর্কে অনেক অভিমত রয়েছে।

- কেউ কেউ বলেছেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুসলিমদের কল্যাণমূলক কাজে ব্যাস্ত ছিলেন।
 সম্ভবত দীর্ঘ সময় বৈঠক থাকায় পেশাবের প্রয়োজন প্রখর হওয়ায় দূরে না গিয়ে নিকটেই প্রস্রাব করেছেন।
 কারণ দূরে গেলে তার ক্ষতি হতো।
- কেউ কেউ বলেছেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বৈধতার বর্ণনা দেয়ার জন্য এটি করেছেন।
- কেউ কেউ বলেছেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এটি পায়খানার ক্ষেত্রে না করে প্রস্রাবের ক্ষেত্রে করেছেন। কারণ পায়খানার অধিক দুর্গন্ধ রয়েছে এবং তা সম্পাদনের সময় কাপড় অধিক উন্মুক্ত করতে হয়। সেক্ষেত্রে দূরে না গেলে সমস্যা রয়েছে।
- এ হাদীস দ্বারা কোন প্রকার সমস্যা ও অপছন্দনীয় কারণে দাঁড়িয়ে প্রস্রাব করার বৈধতা প্রমাণিত হয়।



- তবে দাঁড়িয়ে প্রস্রাবের হুকুম নিয়ে আহলি 'ইলমদের মাঝে মতভেদ রয়েছে। একদল আহলি 'ইলমের মতে দাঁড়িয়ে প্রস্রাব করা বৈধ যদি প্রস্রাবের ফোঁটা ছিটে এসে গায়ে না লাগে। তাদের সম্পর্কে হুযায়ফার এই হাদীসসহ আরও বহু হাদীস ও সাহাবীগণের নির্দেশ রয়েছে।
- আর একদলের মতে সমস্যা ব্যতীত দাঁড়িয়ে প্রস্রাব করা মাকরহ। তারা তদের মতের পক্ষে এমন কতগুলো হাদীস দলীল হিসেবে উপস্থাপন করেছেন যার সবগুলোই ত্রুটিযুক্ত সহীহ নয়।
- তবে সুস্পষ্ট বক্তব্য হলো রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এটি বৈধতার বর্ণনার জন্যই করেছেন। এটি তার স্থায়ী 'আমল ছিল না বরং তার স্থায়ী ও অধিকাংশ অবস্থায় 'আমল ছিল বসে বসে প্রস্রাব করা।

سباطة (সুবা-ত্বহ্) হলো গৃহকর্তাদের সুবিধার্থে গৃহের উঠানে অবস্থিত ময়লা আবর্জনা ফেলার স্থান। যা সাধারণত নরম হওয়ায় তাতে প্রস্রাব করলে প্রস্রাবকারীর গায়ে ছিটা লাগে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন